



কুরুমগ্রাম পাঁচতরফ পরিবারের ১৪৩৩ সালের দুর্গোৎসবের নির্ঘণ্ট



হে দেবী ! তুমি সকল কার্য ও কারনরূপিনী, সর্বেশ্বরী ও সর্বশক্তিময়ী। তুমি আমাদের আপদ থেকে রক্ষা করো। হে দেবী তোমাকে প্রণাম।

১৬ই আশ্বিন ১৪৩৩ সাল রবিবার (ইং- ৪/১০/২০২৬)

বোধন:- ঘট আনয়ন সকাল ৮-০০ ঘটিকায়। তৎপরপূজা, বলিদান [৯-২৮ এর মধ্যে], অঞ্জলী প্রদান, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ।

২৬শে আশ্বিন ১৪৩৩ সাল বুধবার (ইং- ১৪/১০/২০২৬)

চতুর্থী :- ঘট আনয়ন ৮-৩০ এর মধ্যে। তৎপরপূজা, অঞ্জলী প্রদান, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ।

২৮শে আশ্বিন ১৪৩৩ সাল শুক্রবার (ইং- ১৬/১০/২০২৬)

মহাষষ্ঠী পূজা :- সায়ংকালে দেবীর আমন্ত্রণ ও অধিবাস (সন্ধ্যা ৭-০০ ঘটিকায়)। তৎপর সন্ধ্যারতি।

২৯শে আশ্বিন ১৪৩৩ সাল শনিবার (ইং- ১৭/১০/২০২৬)

মহাসপ্তমী পূজা :- আমান্ন আনয়ন সকাল ৬-৩০ ঘটিকা হইতে ৭-৩০ ঘটিকার মধ্যে। ভোগভাজা সকাল ৯-০০ ঘটিকাতে। নবপত্রিকারমহান্নান ও ঘট আনয়নের যাত্রা সকাল ৮-০০ ঘটিকাতে। তৎপর শ্রী শ্রী শারদীয়া দুর্গাদেবীর নবপত্রিকা প্রবেশ, স্থাপন, সপ্তম্যাদি কল্লারস্ত ও মহাসপ্তমীবিহিত পূজা আরম্ভ। তৎপর বলিদান, পূজার অঞ্জলী প্রদান, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ। ঘর পরিস্কার বিকেল ৩-০০ ঘটিকাতে।

সন্ধ্যারতি- রাত্রি ৭-৩০ ঘটিকায়।

মহাসপ্তমী তিথিতে
পাঁচতরফ পরিবারের সিংহ
বাড়ির শ্রীশ্রী শ্যামরাই প্রভুর
বিশেষ পূজা অনুষ্ঠিত হইবে
সকাল ১০-০০ ঘটিকায়।

৩০শে আশ্বিন ১৪৩৩ সাল রবিবার (ইং- ১৮/১০/২০২৬)

মহাসপ্তমী অধিক পূজা :- পূজা আনয়ন ভোর ৩-০০ ঘটিকা হইতে ৪-০০ ঘটিকার মধ্যে। মহাসপ্তমী অধিক পূজা আরম্ভ সকাল ৪-৩০ ঘটিকাতে। তৎপর পূজার অঞ্জলী প্রদান, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ। পূজা সমাপনে ঘর পরিস্কার। ভোগভাজা সকাল ৮-৩০ ঘটিকাতে।

সন্ধ্যারতি- রাত্রি ৭-৩০ ঘটিকায়।

পাঁচতরফ পরিবারের বাবু
বাড়ির শ্রীশ্রী শ্যামরাই
প্রভুর বিশেষ পূজা অনুষ্ঠিত
হইবে সকাল ৯-৩০
ঘটিকায়।

১লা কার্তিক ১৪৩৩ সাল সোমবার(ইং- ১৯/১০/২০২৬)

মহাঅষ্টমী পূজা :- আমান্ন আনয়ন রাত ১-০০ ঘটিকা হইতে ২-০০ ঘটিকার মধ্যে। মহাঅষ্টমী বিহিতপূজা আরম্ভ রাত ২-১০ ঘটিকায়। তৎপর মহাঅষ্টমী পূজার অঞ্জলী প্রদান, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ। পূজা সমাপনে ঘর পরিস্কার ৪-৩০ ঘটিকায়।

মহাসন্ধি পূজা :- আমান্ন আনয়ন সকাল ৫-০০ ঘটিকা হইতে ৬-০০ ঘটিকার মধ্যে। পাঁঠা আনয়ন সকাল ৭-০০ ঘটিকার মধ্যে স্নান করিয়ে। সন্ধি পূজা আরম্ভ সকাল ৭-২৬ গতে। বলিদান আরম্ভ সকাল ৭-৫০ গতে।। বলিদান শেষে,ঘোষপাড়া হইতে বলিদান ফেরত আসার পর সন্ধিপূজার অঞ্জলী, স্তবপাঠ, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ। তৎপর ঘর পরিস্কার। সন্ধ্যারতি- রাত্রি ৭-৩০ ঘটিকায়।

২রা কার্তিক ১৪৩৩ সাল মঙ্গলবার (ইং- ২০/১০/২০২৬)

মহানবমী পূজা:- আমান্ন আনয়ন ভোর ৩-৩০ ঘটিকা হইতে ৪-৩০ ঘটিকার মধ্যে। মহানবমী পূজা আরম্ভ সকাল ৫-০০ ঘটিকায়। ডঙ্কা প্রদান- সকাল ৬-০০ ঘটিকায়। সকাল ৬-৩০ ঘটিকার মধ্যে পাঁঠা শ্রীশ্রীচণ্ডীমণ্ডপে স্নান করিয়ে আনয়নে অনুরোধ করা হইতেছে। মহানবমীর বলিদান শুরু সকাল ৭-১৫ ঘটিকায়। বলিদানের পর,ঘোষপাড়া ও ব্রাহ্মনপাড়ায় বলিদান শেষ করিয়া শত্রু কাটিয়া অঞ্জলী, স্তবপাঠ, পূর্ণাহুতি, আশীর্বাদ ও প্রসাদ বিতরণ। ভোগভাজা সকাল ১১-০০ হইতে। ঘর পরিস্কার দুপুর ৩.০০ ঘটিকায়। সন্ধ্যারতি- রাত্রি ৭-৩০ ঘটিকায়।

৩রা কার্তিক ১৪৩৩ সাল বুধবার(ইং- ২১/১০/২০২৬)

মহাদশমী পূজা:- দশমী পূজার মহাভোগ আনয়ন সকাল ৬-৩০ ঘটিকা হইতে ৭-৩০ ঘটিকার মধ্যে। দশমী পূজা আরম্ভ সকাল ৮-০০ ঘটিকায়। তৎপর দশমীবিহিত পূজা, স্তবপাঠ, অঞ্জলী ও দেবীর মন্ত্র বিসর্জন (১০-৪৭ এর মধ্যে)। কুটুম্বগনের ভার দেওয়া দুপুর ২.৩০ ঘটিকায়। শরিকগনকে ভার দেওয়া সন্ধ্যা ৬-৩০ ঘটিকার মধ্যে শেষ করতে হবে। সন্ধ্যা ৭-০০ ঘটিকায় প্রতিমা নিরঞ্জনের উদ্দেশ্যে যাত্রা। নিরঞ্জন থেকে ফিরে ১ ঘণ্টা পর অপরাজিতা পূজা ও গ্রামদেবতী পূজা অনুষ্ঠিত হইবে।

এত দ্বারা পাঁচতরফ পরিবারের সকল শরিকগনকে ও কুটুম্বগনকে সর্নিবন্ধ অনুরোধ জানানো যাইতেছে যে, উপরোক্ত নির্ঘণ্ট অনুসারে শ্রীচণ্ডীমণ্ডপে উপস্থিত হইয়া সুন্দর ভাবে মহাপূজা পরিচালনায় সহযোগী হউন। প্রতিমা নিরঞ্জনের সময় সকল কুটুম্ব ও শরিকগনকে উপস্থিত হওয়ার অনুরোধ করা হইতেছে। নবান্ন ২৭শে অগ্রহায়ন বৃহস্পতিবার (১৪/১২/২০২৬) সকাল ৯.০০ মিনিটে।